ইংরেজও তখন ধীরে ধীরে রাজশক্তিতে রূপান্তরিত হচ্ছে। ডিমাসাদের শেষ রাজ্য কাছাড় বা হেড়ম্ব যার রাজধানী খাসপুর। কিন্তু তার নিরাপত্তা প্রশ্নের মুখে পড়ায় গোবিন্দ চন্দ্র নারায়ণ রাজধানী খাসপুর থেকে হরিটিকরে স্থানান্তরিত করতে বাধ্য হলেন। তবু শেষ রক্ষা হল না। নিজের বাসভবনে মণিপুর থেকে আগত আততায়ী দ্বারা তিনি নিহত হলেন। সেনাপতি গম্ভীর সিংকে এই ষড়যন্ত্রের মূল বলা হয়। ইংরেজদের স্বত্ববিলোপ নীতি ততদিনে ভারতে চালু হয়েছে। গোবিন্দ চন্দ্র পুত্রহীন ছিলেন। তার ইচ্ছে ছিল একটি পুত্র দত্তক নেবার। তখনো ইয়াণ্ডাবু সন্ধি হয়নি। আসাম তথা কাছাড় তখন ব্রিটিশের অধীনে ছিলনা। তবু ব্রিটিশ রাজশক্তি হিসেবে ক্রমশ ক্ষমতা বাড়িয়ে চলছে। তারা গোবিন্দ চন্দ্রের এই দত্তক নেবার ইচ্ছেকে কোন সমর্থন জানালো না। ফলে গোবিন্দ চন্দ্রের রাজ্য সেখানেই শেষ হবার সম্ভাবনা দেখা দিল। মহারানী ইন্দুপ্রভা যথেষ্ট বিদুষী নারী ছিলেন। রাজ্য পরিচালনার সমস্ত গুণ তার মধ্যে ছিল। গোবিন্দ চন্দ্রের নিধনের পর অনেক রাজ্যবাসী ইন্দু প্রভাকে তাদের শাসক হিসেবে দেখতে চাইলেন। কিন্তু যেহেতু ডিমাসা রাজ বংশে কোন নারী কোনদিন রাজসিংহাসনে বসেননি, তাই রাজ্যের কিছু শক্তিশালী এবং বিত্তশালী কর্মচারী এবং মন্ত্রীরা তা সমর্থন করলেন না। তাছাড়া ইংরেজরাও রাজ্যের কোন শাসক সে পুরুষ হোক কি নারী কোনভাবেই মানা হবে না এই কথা জোরালো ভাবে জানিয়ে দিল। ফলে মহারাজ গোবিন্দচন্দ্র নারায়ণ হানসুর সাথেই আসাম তথা কাছাড়ে ডিমাসা রাজ বংশের ইতি হল। প্রশাসক হিসেবে গোবিন্দচন্দ্রকে তার পূর্ববর্তী রাজাদের মতো সফল বলা যাবে না। এরজন্য সেই সময়কার রাজনৈতিক পরিবেশও অনেকাংশে দায়ী। রাজ্য শাসন থেকেও বেশি তিনি সাহিত্য সংগীত চর্চায় আনন্দ লাভ করতেন। তিনি বিদ্বানুরাগী ছিলেন। বিদ্বান পন্ডিতদের তিনি কালাইনে জমি প্রদান করে বসতি স্থাপন করান। সেই গ্রাম আজও ব্রাহ্মণ গ্রাম হিসেবে পরিচিত। এই অঞ্চলে বিদ্যালয়কার উপাধিটি তিনি প্রচলিত করেন। তিনি নিজে একজন অসাধারণ সংস্কৃত পন্ডিত ছিলেন। বাংলা ভাষার প্রতি তার আলাদা আকর্ষণ ছিল। নিজে তিনি অনেক কাব্য রচনা করেছিলেন। তার মধ্যে “গোবিন্দ কীর্তন” “মহারাস উৎসব লীলামৃত” ইত্যাদি বিশেষ উল্লেখ যোগ্য। আজও ডিমাস বা বর্মণ পরিবারে শ্রাদ্ধানুষ্ঠানে গোবিন্দ কীর্তন ভক্তি সহকারে গাওয়া হয়। মহারাজ গোবিন্দ চন্দ্র বৈষ্ণব ভক্তিবাদে বিশ্বাসী ছিলেন। কিন্তু নিজের ভক্তি বা বিশ্বাস তিনি অন্যের উপর চাপিয়ে দিতেন না। নিজে বৈষ্ণব ভাবাপন্ন হলেও শৈব বা শাক্ত বিশ্বাসীদের তিনি উৎপীড়ন করেননি। উদাহরণস্বরূপ আমরা দেখব তিনি উৎসাহ উদ্দীপনার সাথে বিষ্ণু উৎসব পালন করতেন। তার রাজ্যের মুদ্রায় রণচন্দ্রী দেবীর ছবি খোদাই করা ছিল। তিনি আধুনিক মানসিকতার ছিলেন। নিজের রাজ্যের উন্নতিকল্পে বহু নীতি নির্ধারণ করেছিলেন। তার রাজত্বকালে তিনি ব্যবসা-বাণিজ্য সুদূর কলকাতা মালদা সিলেট ইত্যাদি অঞ্চলে সম্প্রসারিত করেছিলেন। তার রাজ্যের রূপার মুদ্রা ব্যবসায়ীদের কাছে গ্রহণযোগ্য তো ছিলই জনপ্রিয়ও ছিল। ক্ষাত্রভেজের পরাকাষ্ঠার নিরিখে গোবিন্দচন্দ্রকে ক্ষত্রিয় তেজ বিশিষ্ট বলা যাবে না। এই নিয়ে বড়খলা তথা মাইবং, হাফলং, উত্তর কাছারের বিভিন্ন অঞ্চলে কিছু জনশ্রুতি রয়েছে। বলা হয় কাব্য রসে মগ্ন গোবিন্দ চন্দ্র নারীদের প্রতি কিছুটা দুর্বল ছিলেন। তাছাড়া ভবিতব্য বা গণ্যকারদের উপর অতিরিক্ত নির্ভরশীল ছিলেন তিনি। তার জন্ম ছকে অস্ত্রে মৃত্যু লেখা থাকায় তিনি আজন্ম কোন অস্ত্রশিক্ষা করেননি। একজন রাজার পক্ষে এ এক চূড়ান্ত দুর্বলতা। তাই বলা হয় যখন তাকে হত্যা করার জন্য আততায়ীদের পাঠানো হয় তিনি বিন্দুমাত্র প্রতিরোধ করতে পারেননি। নিজের শয়ন কক্ষে তাকে হত্যা করে হত্যার প্রমাণ স্বরূপ তার মস্তক নিয়ে আততায়ী ঘোড়ায় চড়ে সোজা মণিপুর চলে যায়। একজন মহারাজার পক্ষে এই মৃত্যু নিশ্চয়ই কাম্য নয়। অন্ততপক্ষে তিনি যদি যুদ্ধ করে মৃত্যুবরণ করতেন তবে ইতিহাস অন্যভাবে তার কথা মনে রাখত। শত বিন্মৃতির মাঝেও গোবিন্দ চন্দ্রের নাম উচ্চারিত হয় নানা ভাবে। তার নামাংকিত গ্রাম কাছাড়ের প্রাচীনতম স্কুল বড়খলার রাজা গোবিন্দ চন্দ্র মেমোরিয়াল হাইস্কুল সেকেন্ডারি স্কুল বিগত ১২৩ বছর ধরে তার উজ্জ্বল পথচলা অব্যাহত রেখেছে। শিলচর শহরের বুকুে তার নামে রাস্তা আছে। রয়েছে তার প্রতিমূর্তি। ইতিহাস, এই শহর, এই উপত্যকা তাকে ভুলে যায়নি। তবে তাকে নিয়ে তার কাব্যপ্রতিভা নিয়ে আরো চর্চার প্রয়োজন। এই উপত্যকার ইতিহাস তার সাথে জড়িত তাই নিজেদের শেকড় সন্ধানে ডিমাসা রাজবংশ তথা মহারাজ গোবিন্দচন্দ্রকে নিয়ে গবেষণার পরিধি যত বাড়বে এই উপত্যকার নতুন প্রজন্ম নিজেদের আরো গভীরে জানবে।



শিলচর শহরের সাংস্কৃতিক ঐতিহ্যের বিস্তার ও আধুনিকতার নির্মাণ

দীপক সেনগুপ্ত

শিক্ষক, প্রাবন্ধিক

দক্ষিণ আসামের সমতল ভূমি বরাক, কুশিয়ারা, ধলেশ্বরী বিধৌত তৎকালীন অবিভক্ত কাছাড় জেলা হাল আমলে যা বরাক উপত্যকা পরিচয়ে আত্মপ্রকাশ করেছে তার একটা গৌরবময় অতীত আছে। বাঙালিরা এই উপত্যকায় ভুবন তৈরি করেছে যা একান্ত নিজে। শতাব্দী প্রাচীন ঐতিহ্য এবং অস্তিত্ব রক্ষার নিরন্তর সংগ্রামের মধ্যে বরাক উপত্যকার বাঙালির আত্মসত্তা নির্মাণ নির্মাণ প্রক্রিয়া চলছে। এই আত্মসত্তা নির্মাণ প্রক্রিয়ার অন্তহীন বহমানতায় বারবার ঝড় উঠেছে, ভেঙেছে মানচিত্র। ভেঙে যাওয়া মানচিত্রের উপর দাঁড়ানো বাঙালিকে বারবার অগ্নিপরীক্ষা দিতে হয়েছে। অতীতের অন্ধকারের উৎস হতে ঐতিহ্যের আলোতেই পথ হেঁটে বরাক উপত্যকার বাঙালি এগিয়ে চলেছে ভবিষ্যতের পথে। এই চলার পথ কন্টকাকীর্ণ তবু ও ক্লাস্তিহীন বাঙালি এগিয়ে চলেছে সব ধরনের প্রত্যাঙ্কনকে তুচ্ছ জ্ঞান করে। ১৮৭৪ সালে তৎকালীন অবিভক্ত কাছাড়কে 'বেঙ্গল প্রেসিডেন্সি' থেকে বের করে আসামের সঙ্গে জুড়ে দেওয়া হল। বিড়ম্বনার সেই শুরু। তারপর ১৯৪৭ সালের রেডক্লিফ লাইনের বিভাজনে সুরমা উপত্যকা থেকে বিচ্ছিন্ন কাছাড় নিঃসঙ্গ একাকীত্বের নির্জনতায় নিজের ঐকান্তিক সাধনায় বরাক উপত্যকার বাঙালি নিজের অবয়ব নির্মাণে ব্রতী হয়েছে। আন্তরিকতা ও দায়বদ্ধতার সমন্বয়ে এই সাধনা, ঐতিহ্য বিচ্যুত না হয়ে আধুনিকতায় অবগাহন করে।

(১)

১৮৩০ সালে কাছাড়ি রাজ্যের শেষ রাজা গোবিন্দচন্দ্রের মৃত্যুর ১৮৩২ সালের ১৪ আগস্ট তারিখে তৎকালীন ভারতবর্ষের গভর্নর জেনারেল লর্ড উইলিয়াম বেন্টিক কাছাড়ি রাজত্ব অধিগ্রহণ করেন। ১৮৩৪ সালে সরকারি তৎপরতায় শিলচরকে শহরে রূপান্তরিত করার কাজ শুরু হয়। ১৮৩৬ সালে সরকারি আদেশে কাছাড়কে ঢাকা ডিভিশনের অধীনে নিয়ে যাওয়া হয়। তখন থেকেই পেশাগত প্রয়োজনে ঐচ্ছিক প্রব্রজনে এই উপত্যকায় বাঙালি জনসংখ্যা বৃদ্ধি পেতে শুরু করে। ঊনবিংশ শতকের মাঝামাঝি সময়ে রামকুমার নন্দী মজুমদার শিলচর আসেন। রামকুমার নন্দী মজুমদার যথার্থ অর্থে 'প্রমিথিউস' যার আগমনে এই শহর বা এই উপত্যকার সাংস্কৃতিক জীবনে আধুনিকতার যুগের শুরু। লোক সংস্কৃতির এবং লোক সাহিত্যের অবসানে রামকুমারের সাহিত্য সাধনা এবং সংস্কৃতি চর্চা এক নতুন যুগের সূচনা করেছিল। তাঁর প্রকাশিত এবং অপ্রকাশিত বইয়ের তালিকা প্রমাণ করে তাঁর বহুমাত্রিক প্রতিভা।

প্রকাশিত বইয়ের তালিকা

১। পরমার্থ সঙ্গীত, ২। বীরঙ্গনা পত্রোত্তর কাব্য, ৩। উষোদ্বাহ কাব্য, ৪। রামকুমার নন্দী মজুমদার রচিত কাব্যগীতি সঞ্চয়ন, ৫। মালিনীর উপাখ্যান, ৬। ভাগবতীর জন্ম এবং বিবাহ, ৭। নবপত্রিকা কাব্য, ৮। কংসবধ

তাঁর লেখা যাত্রাপালা এই শহর ও উপত্যকায় মঞ্চস্থ হইয়েছিল, বিশেষ করে রাসলীলা, চণ্ডী, উমা আগমন, দেবীর বোধন ইত্যাদি। তাঁর সংগৃহীত সঙ্গীত সংকলন এই অঞ্চলের সাংস্কৃতিক ঐতিহ্যের দলিল। দোল যাত্রার গানের সংকলন, ঝুলন যাত্রার গানের সংকলন, লক্ষ্মী সরস্বতীর দ্বন্দ্ব (সঙ্গীতের পালা) তাছাড়া অসংখ্য কবিগান সহ কবিতার সংকলন।



একদিকে সংস্কৃত নাটককে বাংলায় অনুবাদ করেছেন অন্যদিকে গণিতজ্ঞের উপর বই লিখেছেন। ১৯০৪ সালেই তিনি লোকান্তরিত হয়েছিলেন। বাংলার নবজাগরণের সূচনাকালে যখন কলকাতা (তৎকালীন কলিকাতা) কেন্দ্রিক বাংলা সাহিত্যকে নতুন আঙ্গিকে নির্মাণ পর্ব চলছে তখন শিলচর শহরের প্রান্তিক অবস্থানে বসে নিজের একক উদ্যোগে বাংলা সাহিত্য ও সংস্কৃতিকে আধুনিক করার আন্তরিক প্রয়াস তিনি করেছিলেন এবং সফল হয়েছিলেন। একবিংশ শতকে বসে শিলচরের সাংস্কৃতিক ঐতিহ্যের সন্ধান করতে আগ্রহী হলে তাঁকে প্রগতি জানিয়েই করতে হবে অন্যথায় সেটা সম্ভব নয়।

১৮৭১ সালে লুসাই যুদ্ধের সময় 'নীলদর্পণ' খ্যাত লেখক দীনবন্ধু মিত্রকে পশ্চিম বঙ্গের হুগলি জেলা থেকে আসামের শিলচরে বদলি করে আনা হয়। শিলচরে বসেই তিনি জীবনের শেষ নাটক 'কোমলে কামিনী' লেখেন। ১৮৭২ সালে শিলচরে ব্রহ্ম মন্দির প্রতিষ্ঠা হয় এবং কেশব চন্দ্র সেনের সংস্কার আন্দোলনে প্রভাবিত হয়ে শিলচর শহরে 'কাছাড় ব্রাহ্ম সমাজ' প্রতিষ্ঠিত হয়। এখানে ব্রাহ্ম সমাজের বিভিন্ন অনুষ্ঠান যেমন মাঘোৎসব , ভাদ্রোৎসব ইত্যাদি পালন করা হত। প্রসঙ্গত উল্লেখ্য শিলচর পৌরসভার প্রাক্তন সভাপতি রুক্ষ্মিনী দাসের বাবা রায়বাহাদুর হরিচরণ দাস কেশব চন্দ্র সেনের একান্ত সচিব ছিলেন। হিন্দু ধর্মকে অস্বীকার করে নবজাগরণ আন্দোলনের সময়কালে এলিটিস্ট আন্দোলনের জোয়ার এসেছিল পশ্চিমবঙ্গে যার ডেউ শিলচরেও এসেছিল। তখনো শিলচর শহরে রবীন্দ্রসঙ্গীত চর্চা শুরু হয়নি 'ব্রহ্ম মন্দিরে' রবীন্দ্রসঙ্গীতের পূজা পর্যায়ের গান গাওয়া হত। তৎকালীন সিভিল সার্জন জে এল সেনের স্ত্রী বেলা সেন এবং তাঁদের দুই কন্যা রত্না ও কৃষ্ণা রবীন্দ্রসঙ্গীত পরিবেশন করতেন। ১৮৭৪ সালে অবিভক্ত কাছাড়, সিলেট এবং গোয়ালপাড়াকে আলাদা করে বেঙ্গল প্রেসিডেন্সি থেকে কেটে রাজস্ব বৃদ্ধির জন্য আসামের সঙ্গে জুড়ে দেওয়া হয়েছিল।

লোক নাট্যের পরিসর অতিক্রম করে ১৯০৪ সালে শিলচরে প্রথম অভিনীত হয় আধুনিক প্রসেনিয়াম নাটক। টেলিগ্রাফ অফিসের কর্মীরা শিলচর থিয়েটার পার্টি" নামক সংস্থা তৈরি করে নাটক মঞ্চস্থ করে। যে দুই ব্যক্তির নাম অন্যতম উদ্যোক্তা হিসাবে পাওয়া যায় তাঁদের নাম যথাক্রমে নির্মল বাবু ও নলিনী মুখোপাধ্যায়। ১৯১১ খ্রিষ্টাব্দে আর ডি আই হলের প্রতিষ্ঠা হওয়ার পর এই শহরে নাটকের প্রতি মানুষের ভালোবাসা বৃদ্ধি পায়। বরাক উপত্যকা তথা শিলচর শহরের নাট্যচর্চার সুলিখিত ইতিহাস নেই, প্রাপ্ত তথ্য থেকে আমরা জানতে পারি ১৯০৪ খ্রিষ্টাব্দের প্রথম মঞ্চস্থ নাটকের কথা।

১৯১৪ সালে শিলচর শহরে সুরমা সাহিত্য সম্মিলনীর দ্বিতীয় অধিবেশন। প্রসঙ্গত উল্লেখ্য দুই বছর আগে করিমগঞ্জ মহকুমা শহরে প্রথম অধিবেশন হয়েছিল।

১৯১৪ সালের ২৮শে ডিসেম্বর রবীন্দ্রনাথের "রাজা-রাণী" নাটক মঞ্চস্থ হয় আর ডি আই হলে এই অনুষ্ঠানটি সুরমা সাহিত্য সম্মিলনীর অধিবেশন উপলক্ষে। শুধু রবীন্দ্রনাথের নাটকেই শেক্সপিয়ারের নাটকের সাথে এই অঞ্চলের পরিচয় হয় বিংশ শতকের দ্বিতীয় দশকেই উপেন্দ্রকুমার কর মহাশয় ১৯১৭তেই "ম্যাকবেথ" বঙ্গানুবাদ করেন। রাজশেখর বসুর গল্প 'বিরিঞ্চিবাবা' কে নাট্যরূপ দেন এই উপত্যকার কৃতি সন্তান ক্ষীরোদ চন্দ্র দেব। বরাক উপত্যকার যে কোন সাংস্কৃতিক সাহিত্য চর্চা গত শতকের প্রথমার্ধে যে পরিবারকে স্পর্শ না করে পূর্ণতা পেত না সেটা হচ্ছে শিলচরের শ্যাম পরিবার। শ্যাম পরিবারের কর্তা নগেন্দ্র শ্যাম এবং তাঁর যোগ্য সহধর্মিনী মালতী শ্যামকে স্পর্শ না করে কোন সাংস্কৃতিক কর্মকাণ্ড বাস্তবায়িত করার কথা স্বপ্নে ও ভাবা যেত না। মালতী শ্যামের নেতৃত্বে এই শহরের মেয়েরা নাটকে এগিয়ে আসে। নগেন্দ্র চন্দ্র শ্যাম মহাশয় ছিলেন সুস্থ সংস্কৃতি চর্চার অগ্রণী পৃষ্ঠপোষক।

১৯২৮ সালে হেমেন্দ্রলাল রায় রবীন্দ্রনাথের 'ফাল্গুনী' নাটকের অনুসরণে 'বাসন্তিকা' নৃত্যনাটক রচনা করেন যা অভিনীত হয় বিমলচরণ সেনের বাড়িতে। ঘরোয়া পরিবেশে অনুষ্ঠিত এই নৃত্যনাট্যে মেয়েরা অভিনয় করেছিল। এই অনুষ্ঠানে মেয়েদের অংশ গ্রহণ করায় যথেষ্ট পরিমাণ বাদানুবাদ তৈরি হয় এবং নিন্দার ঝড় উঠে। নগেন্দ্র চন্দ্র শ্যাম তখন মেয়েদের অংশ গ্রহণ করাকে সমর্থন করে তাঁর সম্পাদিত 'ভবিষ্যৎ' পত্রিকাতে প্রবন্ধ লেখেন। উকিলপট্টিতে অবস্থিত



নগেন্দ্রচন্দ্র শ্যামের বাড়িতে স্টেজ বেধে দ্বিজেন্দ্রলাল রায়ের 'চন্দ্রগুপ্ত' নাটক অভিনীত হয়। এই চন্দ্রগুপ্ত নাটকে ছায়া ও হেলেন চরিত্রে মেয়েরা অভিনয় করে। আগে মেয়েদের চরিত্রে ছেলেরা অভিনয় করতেন এই ক্ষেত্রে যাদের নাম বিশেষ ভাবে উল্লেখ করা উচিত তাঁরা হচ্ছেন বিশু গুপ্ত, শান্তিময় সেনগুপ্ত প্রমুখ। নগেন্দ্র চন্দ্র শ্যামের বাড়িতে গিরীষ চন্দ্র ঘোষের 'বিস্মিসার ও বুদ্ধদেব' নাটক ও মঞ্চস্থ হয় সেই নাটকেও মেয়েরা অংশ নিয়েছিল। ১৯৩১ সালে কবিগুরু রবীন্দ্রনাথের ৭০তম জন্মদিন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে রবীন্দ্রনাথের " নটির পূজা" অভিনীত হয় এই অনুষ্ঠানে প্রথম শিলচর শহরের মেয়েরা প্রকাশ্যে অংশগ্রহণ করে। অনুষ্ঠানটি আয়োজিত হয়েছিল আর ডি আই হলে। মালতী শ্যাম এই উপত্যকার নারী আন্দোলনের এক অগ্রনী পথিকৃৎ রক্ষণশীল সমাজকে উদ্দেশ্য করে লেখেন " আমরা মনে করি নারীমনের স্বভাবসুলভ ললিতকলা প্রিয়তাকে সুযোগদিলে এবং নারীকে নিজের সামাজিক মূল্যটি নির্ণয় করিবার অধিকার দিলে নীতিবাদীগণের দুর্শ্চিন্তার অনেকটা লাগব হইবে নারী সমাজ ও বাঁচিয়া যাইবে"। ১৯৩৭ সাল বরাক উপত্যকার বরাক উপত্যকার নাট্য চর্চার ইতিহাসে এক উল্লেখ যোগ্য বছর মালতী শ্যামের অনুরোধে ভূপেন্দ্র শ্যাম রচনা করেন " মেঘমল্লার" এই নাটক এই অঞ্চলে রচিত নাটক যেখানে অনুরণিত হয় মহাকবি কালিদাসের "ঋতুসংহার"। মেঘমল্লারে বর্ণিত সুরমা উপত্যকার নৈসর্গিক সৌন্দর্য মনে করিয়ে দেয় কালিদাসের ঋতুসংহার" কে। প্রসঙ্গত উল্লেখ্য নাট্যকার ভূপেন্দ্র শ্যামের কবি পরিচয়টাই বড়। ভূপেন্দ্র শ্যাম রচিত মালতী শ্যাম নির্দেশিত মেঘমল্লার নাটকে ১৯৩৭ সালে শহরের মেয়েরা প্রথম নাটকে অভিনয় করে। ১৯৩৮ সালে "বনস্পতি অভিশাপ" ও ১৯৩৯ সালে "হিমপর্ণা" নাটক শুধুমাত্র মেয়েদের দ্বারা অভিনীত হয়। এর পর থেকে শিলচর শহরে মেয়েদের আর নাটকে অভিনয় করতে আর কোন প্রতিবন্ধকতা সৃষ্টি হয়নি। পরবর্তী সময়ে গোপা দত্ত, দীপ্তি ভরদ্বাজ, গৌরী ভরদ্বাজ, মীরা ভরদ্বাজ, তুলসী সাহা, রমা মজুমদার, আরতি সাহা, চামেলী কর প্রমুখ অভিনেত্রীরা নাটকের মঞ্চে দাপটের সঙ্গে অভিনয় করেছেন। শিলচরের মেয়ে গোপা দত্ত পরে গোপা আইচ হয়ে সত্যজিৎ রায়ের 'ঘরে বাইরে' সিনেমায় অভিনয় করেন। একবিংশ শতকে দাঁড়িয়ে আজ যখন অজপা ধর, পারমিতা পাল, রুমি রায় প্রমুখ অভিনেত্রীরা মঞ্চ কাঁপানো অভিনয় করছে তখন আমাদের উচিত সেই গৌরবময় ইতিহাসকে স্মরণ করা উচিত যার সূচনা করেছিলেন মালতী শ্যাম।

১৯৪৯ সালেই প্রতিষ্ঠিত হয় "মধ্যসহর সাংস্কৃতিক সমিতি"। শিলচরের নাট্যচর্চার ইতিহাসে আসে নূতন জোয়ার। নরসিংটোলার অস্থায়ী মঞ্চে অভিনীত হয়েছে "ফেরারী ফৌজ" 'সেতু' ' অঙ্গার' 'সীতা' 'শেষ রক্ষা' প্রভৃতি নাটক। সময়টা ছিল খুব উজ্জ্বল অনেক নূতন মুখ উঠে আসল অভিনয়ের জগতে পরাণ চক্রবর্তী, মুকুন্দ দাস ভট্টাচার্য, পলু বিশ্বাস, ছানু ভৌমিক, নলিনীকান্ত দাস, নীলু সেন গুপ্ত, দীলু ধর যিশু চন্দ নরেশ চন্দ্র পাল প্রমুখ দিকপাল ব্যক্তিত্বরা যারা আগামী কয়েকদশক বরাকের নাট্য আন্দোলনকে গতিশীল রেখেছিলেন। প্রসঙ্গত উল্লেখ্য ধানবাদ অঞ্চলে জামাডোবায় চিনাকুড়ি ও বড়াধেমো কয়লাখনিতে জল ঢুকে মারাত্মক খনি দুর্ঘটনা ঘটে তখন উৎপল দত্ত 'অঙ্গার' নাটক লিখেন এই নাটক কলকাতার থিয়েটার সংস্থা মঞ্চস্থ করার কয়েকদিনের মধ্যে শিলচর মঞ্চস্থ হল। বরাক উপত্যকার নাট্যচর্চার আধুনিকতা বোঝাতে এই উদাহরণ যথেষ্ট বলেই মনে করছি। ১৯৪৭ সালে গণনাট্য সংস্থার প্রাদেশিক সম্মেলন শিলচরে অনুষ্ঠিত হয় আমরা জানি গণনাট্য সংস্থা ইতিমধ্যে কালজয়ী "নবান্ন" নাটক মঞ্চস্থ করে নিয়েছে সুতরাং এর থেকে সহজেই অনুমেয় বরাকের নাটক এই প্রাদেশিক সম্মেলনে কতটা উপকৃত হয়েছে। গণনাট্য সংস্থার প্রাদেশিক সম্মেলনে উৎসাহিত হয়ে উত্তর শিলচরে বামপন্থী আদর্শ বিশ্বাসীরা "প্রগতিশীল সংঘ" নামক সংস্থার জন্ম দিয়ে প্রগতিশীল নাট্যচর্চা করেছেন একই সময়ে " অম্বিকাপুর বিচিত্র সংঘ" নামক একটি সংস্থা বেশ কয়েকটি নাটক মঞ্চস্থ করে যার মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি হচ্ছে 'স্বর্ণলক্ষা' 'উত্তরা' 'চক্রধারী'। দুর্গা পূজা কে কেন্দ্র করে পাড়ায় পাড়ায় নাটক করার প্রবণতা বৃদ্ধি পায় ১৯৪৮ সালে শিলচর মিশন রোড ১৯৫৪ সালে ইউথোলা পূজা কমিটি এবং পঞ্চাশের দশক থেকেই অম্বিকাপাট্টি, আর্ষপাট্টি সহ অনেক জায়গায় নাটক চর্চা এবং অঘোষিত প্রতিযোগিতা



শিলচর শহরের নাট্যচর্চাকে সমৃদ্ধ করেছে। পাড়ায় পাড়ায় স্টার অভিনেতারা ছিলেন যেমন অম্বিকাপট্টিতে পলু বিশ্বাস, নলিনী দাস ইটখোলায় ক্যাপ্টেন নলিনী মোহন গুপ্ত বা আর্ষপট্টিতে নীলু সেন গুপ্ত প্রমুখরা, আর তাদের দেখানো পথ ধরেই পরবর্তী প্রজন্মরা উঠে এসেছেন যেমন মিশন রোড থেকে উঠে এসেছেন শেখর দেব রায় প্রমুখরা। ১৯৬১র ভাষা আন্দোলনের পরপর জন্ম নিল রূপম এই পথ ধরেই জন্ম নিল 'নাটুকেরা' 'পূবালী' 'গণসূর' 'দিশারী' 'শিলচর কালচারেল ক্লাব' 'দশরূপক' 'সারস্বত' 'বিজয়ী সংঘ' 'ভাবীকাল' আরো অনেক পরে জন্ম নিল 'নান্দনিক', 'নাট্যাঙ্গন', অগ্রণী সহ আরো অনেক সংস্থা। ১৯৭২সালে বেতার নাটক শুরু হয় শিলচর আকাশবাণী থেকে বেতার নাটক বরাক উপত্যকার নাট্যচর্চার ক্ষেত্রে এক নতুন মাত্রা যোগ করল। ১৯৭৫ থেকে 'রূপম' সংস্থার ব্যবস্থাপনায় শুরু হল বার্ষিক সর্বভারতীয় একাঙ্ক বাংলা নাটক প্রতিযোগিতা। প্রসঙ্গত উল্লেখ্য নরেশ চন্দ্র পাল ছিলেন শিলচরের নাট্য চর্চার ইতিহাসে এক উজ্জ্বল নক্ষত্র, তিনি ছিলেন রূপম সংস্থার প্রাণপুরুষ। তাঁর নামেই উৎসর্গীত এই সর্বভারতীয় নাটক প্রতিযোগিতা এই উপত্যকার অলঙ্কার। ১৯৭৫ থেকে বিরতিহীন এই প্রতিযোগিতাকে টেনে নিয়ে যাওয়ার ক্ষেত্রে উদ্যোক্তাদের কতটা ত্যাগ নিষ্ঠা আন্তরিকতা থাকা দরকার তা সহজেই অনুমেয়। আশা করব অনন্তকাল এই প্রতিযোগিতার ধারাবাহিকতা বজায় থাকবে।

কবির শহর শিলচরের আরেকটি পরিচয় নাটকের শহর শিলচর। রূপম আয়োজিত জাতীয় স্তরের নাট্য প্রতিযোগিতার অতিরিক্ত ভাবীকাল, কায়ানট, আজকের প্রজন্ম, পূবালী, কালচারেল ইউনিট, দশরূপক, নান্দনিক, নবারুণ, অগ্রণী, সারস্বত, গণসূর, আজকের প্রজন্ম সহ অন্যান্য নাট্য সংস্থা অত্যন্ত সক্রিয় ভাবে নাট্য চর্চা করেছে বরাক বঙ্গের আয়োজনে বঙ্গভবনে 'এ মাসের নাটক' অনুষ্ঠানে যোগ দিচ্ছে এবং নিজেরা নিজেদের উদ্যোগে নাট্য সন্ধ্যা এবং নাট্যোৎসবের আয়োজন করেছে। কোরাস শিশু নাট্য প্রতিযোগিতার আয়োজন করেছে। প্রায় প্রতিটি সংগঠন কর্মশালার আয়োজন করে নতুন প্রজন্মকে নাটকে নিয়ে আসছে। শেখর থিয়েটার থেকে পেশাদারিত্বের পথে এগিয়ে যাচ্ছে শিলচরের নাটক। মানুষ টিকিট কিনে স্থানীয় নাটক দেখছে। প্রসেনিয়াম ভেঙে লোক আঙ্গিকে, ইন্টিমেট ফর্মে, থার্ড ফর্ম সহ বিভিন্ন আঙ্গিকে হচ্ছে। শেক্সপিয়ারের নাটক সহ অন্যান্য বিদেশী নাটকের অনুবাদ হচ্ছে অথবা অ্যাডাপ্টেশন হচ্ছে বাংলা সিনেমায়। আঞ্চলিক ভাষায় নাটক হচ্ছে। ভাবীকালের শান্তনু পাল ইউরোপের নাটক সম্পর্কে জানতে ইউরোপের বিভিন্ন দেশে গেছে, শেখর দেবরায়, চিত্রভানু ভৌমিকদের নাটক পশ্চিমবঙ্গের এবং ত্রিপুরার বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে পড়ানো হচ্ছে। লোক কাহিনী মনসাকে নিয়ে নাটক হচ্ছে আবার রাজনৈতিক বিষয় নিয়ে স্যাটায়ায় ধর্মী নাটক হচ্ছে। ন্যাশনেল স্কুল অফ ড্রামার সঙ্গে গাঁটছড়া বেঁধে ভাবীকাল এই শহরের নাটককে জাতীয় নাট্য আন্দোলনের মূলস্রোতে আনতে চাইছে। শিলচর শহরের প্রান্ত সীমায় অবস্থিত উদারবন্দর ছেলে তীর্থঙ্কর চন্দ পশ্চিমবঙ্গের নাট্য আন্দোলনের এক জনপ্রিয় নাম। যে আজ আমাদের মধ্যে নেই, যার অকাল মৃত্যু বরাক উপত্যকার নাট্য আন্দোলনের এক বিরাট ক্ষতি সেই বিশ্বজিৎ চৌধুরীর লেখা নাটক এই উপত্যকার সম্পদ। দেবব্রত চৌধুরী ও বিশ্বজিৎ চৌধুরীর অকাল প্রয়াণ এই উপত্যকার নাট্য আন্দোলন এবং সাহিত্য চর্চা যথেষ্ট ক্ষতিগ্রস্ত হয়েছে। অনুপ দাসের নাম ও এই প্রসঙ্গে উল্লেখ করতে হয় যে ইংরেজিতে 'রক্তকরবী' মঞ্চস্থ করানোর যখন প্রস্তুতি নিচ্ছিলেন তখনই পরপারের ডাক আসে। যদি শিলচর শহরের পূর্ণাঙ্গ নাট্য আন্দোলনের ইতিহাস লেখা হয় তবে ফণী দাশ গুপ্তের নাম অবশ্যই সেখানে থাকবে কেননা শুধু নাটকেই তাঁর অবদান ছিল না সংস্কৃতির অন্যান্য আঙ্গিনায় তাঁর সাবলীল বিচরণ ছিল। উত্তর প্রজন্মের সায়ন বিশ্বাস ও ইন্দ্রনীল দে'র বাইনারি এই উপত্যকার নাট্য আন্দোলনকে উত্তর আধুনিকতার দোরগোড়ায় নিয়ে গেছে। এই দুই জনের যৌথ প্রয়াস এক নতুন যুগের সূচনা করেছে যার কথা ভবিষ্যৎ প্রজন্মের গবেষকদের গবেষণায় উঠে আসবে।

(২)

১৯৬১ সালের ভাষা সংগ্রামের পর অতন্ত্র যুগের সূচনা এবং সম্মিলিত কবিতা চর্চায় আধুনিকতায় অবগাহন এই শহরকে 'কবির শহর' উপাধিতে ভূষিত করেছে। পশ্চিমবঙ্গের 'কৃতিবাসী'দের সঙ্গে শিলচরের 'অতন্ত্র' গোষ্ঠীর একটা



আত্মিক সেতু তৈরি হয়েছিল যার উপর দিয়ে শক্তি চট্রোপাধ্যায়, সুনীল গঙ্গোপাধ্যায় প্রমুখ প্রতিথযশা কবিদের সঙ্গে এই উপত্যকার শক্তিপদ ব্রহ্মচারী, বিজিৎ চৌধুরী প্রমুখ কবিদের চলত নিত্যদিনের আনাগোনা। অতন্দ্র যুগের সূচনার আগেও এই উপত্যকায় বা এই শহরে কবিতা চর্চার গৌরবময় ঐতিহ্য ছিল। সেই ঐতিহ্যের ধারাবাহিকতায় আজও নবীন প্রজন্মের কবিরা আসছেন। এই বহমান ধারায় প্রজন্মান্তরের নতুন কবিরা আসবেন এবং 'কবির শহর' শিলচরের ঐতিহ্যের বিস্তারে আধুনিকতায় অবগাহন করবে। গদ্য চর্চার ক্ষেত্রেও আমরা একই কথা বলতে পারি শ্যামলেন্দু চক্রবর্তী, গণেশ দে এই শহরে সৃজনশীল সাহিত্য বিশেষ করে ছোট গল্পের আধুনিক যুগের সূচনা করেছিলেন। পরবর্তী সময়ে মিথিলেশ ভট্টাচার্য, দীপক চক্রবর্তী, স্বপ্না ভট্টাচার্য, তপোধীর ভট্টাচার্য, রণবীর পুরকায়স্থ, ঝুমুর পাণ্ডে, শেখর দাস এই উপত্যকার গল্পভুবন নির্মাণে আত্মনিয়োগ করেন এবং তাঁদের অনুপ্রেরণায় নবীন প্রজন্মের শর্মিলা দত্ত, রূপরাজ ভট্টাচার্য, শর্মিলী দেব কানুনগোর মত লেখক লেখিকারা উঠে এসেছেন।

১৮৭৪ সালে হারাণ চন্দ্র রাহার লেখা 'রণচণ্ডী' উপন্যাসটি সম্ভবত প্রথম উপন্যাস। হেরম্ব রাজ্যের পটভূমিতে লেখা এই উপন্যাস আঞ্চলিক ইতিহাস নির্ভর। ১৯১৫ সালে লাবন্যকুমার চক্রবর্তীর লেখা উপন্যাস 'মহারানী ইন্দুপ্রভা' মণিপুরের রাজকন্যা ইন্দুপ্রভাকে কেন্দ্র করে। বরাক উপত্যকার প্রথম সামাজিক উপন্যাস 'নারীশক্তি বা অশ্রুমাণিনি'। বরাক উপত্যকার উপন্যাস এখন শক্ত ভিতের উপর দাঁড়িয়ে। আমরা উল্লেখ করতে পারি গণেশ দের 'কলংমার কূলে' রণবীর পুরকায়স্থের 'সুরমা গাওঁর পানি', ইমাদ উদ্দিন বুলবুলের 'সুরমা নদীর চোখে জল' দেবাশিস তরফদারের উপন্যাস 'শরাইঘাটঃ একটি প্রেম কাহিনী', প্রদীপ কুমার পালের 'ভায়া জিরানিয়া' মেঘমালা দে মোহন্তের 'মুলুক চলো' ঝুমুর পাণ্ডের 'গাওঁকথা' 'কারা কান্দে নদীর কিনারায়' উদয়ন ঘোষের 'হরিশচন্দ্র', অরিজিত চৌধুরীর নাগরদোলা' সহ অজস্র উপন্যাসের সম্পদে স্ফীত বরাক উপত্যকার সাহিত্য ভাণ্ডার। সমগ্র বরাক উপত্যকার নয় শুধুমাত্র শিলচর শহর থেকে যে কয়েকটি লিটল ম্যাগাজিন নিয়মিত প্রকাশিত হচ্ছে এবং সেইসব পত্রিকার সম্পাদকের নামের তালিকা দিচ্ছি। এই তালিকার বাইরেও আরও অনেক পত্রিকা হয়তো আছে।

একসময় বরাক উপত্যকার বাংলাকে 'বরাকী বাংলা' বলে তীর্যক মন্তব্য করে এই উপত্যকায় ভাষা চর্চাকে নিরুৎসাহিত করার চেষ্টা করা হয়েছিল সেই চেষ্টা যে সফল হয়নি নীচের তালিকার বাইরেও অনেক সাহিত্য পত্রিকা, গবেষণা পত্রিকা প্রকাশিত হয় যেমন আশিস রঞ্জন নাথের 'প্রবাহ' বা জিতেন্দ্র নাথের আলো হাওয়া রৌদ্র ইত্যাদি।

স্নিগ্ধা চট্রোপাধ্যায় বিশ্বাস - "উত্তীয়" | মৃদুলা ভট্টাচার্য - "সৃজনী" | "হরিসভা" দুর্গা পূজা কমিটি সম্পাদক - চঞ্চল ভট্টাচার্য | "শিবালিক লিপি"- সুদীপ্ত দেব রায় | স্নিগ্ধা নাথ - "আমাদের সমকাল" | শৈলেন দাস- "প্রতাপ" | সুজিত দাস - "প্রতিস্রোত" | প্রণব দাস- "সাহিত্য সম্ভার" | জয়শ্রী ভূষণ - "অস্তিত্ব" | নিলাদ্রী ভট্টাচার্য - "শব্দ পাতার নৌকো" | কৃষ্ণ জ্যোতি দেব - "অমলতাস" | চন্দ্রিমা দত্ত - "মানবী" | সত্যজিৎ নাথ - রীতুপর্ণ | মৌপিয়া চৌধুরী - "পিয়াসু" | চান্দ্রেয়ী দেব - "ত্রয়ী" | নীলাম্ব চৌধুরী - "অনিবার্য" | কস্তুরী হোম চৌধুরী - "আম্রপালি" | রাজেশ শর্মা, আশু চৌধুরী - "আউল" | তানিয়া লঙ্কর - "বৈচিত্র্য" | মঞ্জুরি হীরা মণি রায় - "বরাক নন্দিনী"।

(৩)

শিলচরে সঙ্গীত চর্চার একটা গৌরবময় ঐতিহ্য আছে। সঙ্গীত চর্চার ইতিহাস আলোচনায় যে কয়েকটি নাম বিশেষ উল্লেখযোগ্য তাঁরা হচ্ছেন সূর্য মিশ্র, কামাখ্যাপদ মিশ্র, শ্যামাপদ ভট্টাচার্য, সুরেন্দ্র চক্রবর্তী, অমর চক্রবর্তী, অশ্বিনী দেব, হরিদাস ঘোষ, উষা দস্তিদার, আনন্দময়ী ভট্টাচার্য, মাতঙ্গিনী ভট্টাচার্য, হারাণ সেনগুপ্ত, ধীরেন চন্দ, দীপক বিশ্বাস, বেলা দত্ত, ইলা দত্ত, পরিমল দাস প্রমুখ। পরবর্তী সময়ে পাঞ্চালী ধর, মৈত্রেয়ী দাম, শিবানী ব্রহ্মচারী, প্রমুখ শিল্পীরা শিলচরে রবীন্দ্র সঙ্গীত চর্চার ক্ষেত্রে অসীম অবদান রেখেছেন তাঁদের উত্তরসূরি শুভ প্রসাদ নন্দী মজুমদার, পঙ্কজ নাথ, বিশ্বজিৎ রায়চৌধুরী প্রমুখ শিল্পীরা রবীন্দ্রসঙ্গীত চর্চাকে আরও বিস্তৃত করেছেন এবং তাঁদের পরের



প্রজন্মের সুদীপ্তা ভট্টাচার্য, বিশ্বরাজ ভট্টাচার্য, পারমিতা দাস প্রমুখ শিল্পীরা রবীন্দ্রসঙ্গীত চর্চার বহমানতা বজায় রেখেছেন। নজরুলগীতি চর্চার ক্ষেত্রে ধীরেন চন্দ্র নাথের নাম করতেই হয় তাঁরই পরের প্রজন্মের রথীন্দ্র চক্রবর্তী, মেঘরাজ চক্রবর্তী, তাপস শঙ্কর দে প্রমুখ শিল্পীরা নজরুল গীতি চর্চাকে বজায় রেখেছেন। অশ্বিনী দেব, হরিদাস ঘোষ, সুরেন্দ্র চক্রবর্তী, মতিলাল সিং প্রমুখ শিল্পীরা এই শহরে শাস্ত্রীয় সঙ্গীত চর্চার গোড়াপত্তন করেছিলেন। শাস্ত্রীয় সঙ্গীতের অতিরিক্ত পদাবলী কীর্তন এবং লোকসঙ্গীতে মাতঙ্গিনী ভট্টাচার্য, আনন্দময়ী ভট্টাচার্য প্রমুখ শিল্পীদের অবদানকে স্বীকৃতি না দিলে অপূর্ণতা থেকে যাবে। শ্যামা সঙ্গীতের ক্ষেত্রে দীপক ভট্টাচার্যের কথা উল্লেখ করতেই হয়। কাকা অন্ত ভট্টাচার্যের সম্পদে সমৃদ্ধ হয়েই কালিকাপ্রসাদ ভট্টাচার্য পশ্চিমবঙ্গে যায় এবং তারপর এক গৌরবময় অধ্যায়ের জন্ম দেয়। শিলচর শহরে মনোরঞ্জন মালাকার, বিধান লঙ্কর, মঞ্জলা নাথ, মঞ্জুশ্রী দাস প্রমুখ শিল্পীরা প্রান্তিক শ্রেণির গান যা লোকগান হিসেবেই মান্যতা পেয়েছে তার চর্চা করে যাচ্ছেন। বিশ্বরাজ ভট্টাচার্য, ঋষিকেশ চক্রবর্তী সহ আরও অনেকেই গানের কথা লিখছেন, গানে সুর দিচ্ছেন। গানের কথা লেখার ক্ষেত্রে আরও একজনের নাম উল্লেখ করা উচিত যদিও তিনি হচ্ছেন বাপী দত্ত রায়। ত্রিশের দশকে শিলচরে শৈলেশ সত্যেন্দ্র স্মৃতি সম্মেলন নামে একটি সংস্থা ছিল যারা প্রতিবছর সঙ্গীত সম্মেলন ও গানের প্রতিযোগিতা আয়োজন করত এখন 'দলছুট' দল সম্মিলিত গান চর্চার সেই ধারাবাহিকতাকে বজায় রেখেছে। প্রতিবছর ডি এস এ ময়দানে ডিসেম্বর মাসের শেষা তিন দিন 'সমকাল' ও 'স্বরলিপি' সংস্থার যৌথ উদ্যোগে 'গানমেলা' অনুষ্ঠিত হয়। ১৯৪০ সালে শিলচরে 'সঙ্গীত বিদ্যালয়' প্রতিষ্ঠার পর এই শহরের সংস্কৃতি চর্চা অন্য মাত্রা পায়। শুধু গানেই নয় নাচের ক্ষেত্রে ও মুকুন্দ দাস ভট্টাচার্য বিপ্লব আনলেন। মুকুন্দ দাস ভট্টাচার্যের ছাত্র সৌমিত্র শঙ্কর চৌধুরী, সত্যজিৎ বসু প্রমুখ শিল্পীরা নাচের বিভিন্ন ঘরানাকে নিয়ে চর্চা করছেন। মুকুন্দ দাস ভট্টাচার্য নিজের ভাতিজী নন্দিনী চক্রবর্তীকে নিজের সবটুকু দিয়ে প্রশিক্ষণ দিয়েছিলেন। শিলচর শহরে শীপ্রা পুরকায়স্থ, মধুমিতা ভট্টাচার্য, চন্দন মজুমদার, মৌমিতা বিশ্বাস, অপু সুব্রধর প্রমুখ শিল্পীদের পরিচালনায় নৃত্য প্রশিক্ষণ কেন্দ্রে শত সহস্র শিল্পীদের নিয়মিত প্রশিক্ষণ দিয়ে চলেছে। আসাম বিশ্ববিদ্যালয়ে পারফোর্মিং আর্টস বিভাগ খোলার পর নৃত্য নিয়ে প্রাতিষ্ঠানিক পড়াশোনা ও গবেষণার সুযোগ এসেছে।

চারু শিল্প এবং চিত্র শিল্প অধ্যয়নের ক্ষেত্রে আসাম বিশ্ববিদ্যালয়ের চারুকলা বিভাগ কাজ করে যাচ্ছে বিশেষ করে অধ্যাপক গনেশ নন্দী এবং অধ্যাপক নির্মল কান্তি রায়ের নিরন্তর চেষ্টা ও গবেষণায় শিলচরের ঐতিহ্য উন্মোচিত হচ্ছে। এখানে প্রসঙ্গত উল্লেখ্য বীরেন্দ্র লাল ভৌমিক, মুকুন্দ দেব নাথ প্রমুখ প্রতিথযশা চিত্রশিল্পীদের শহরে বর্তমানে শ্যামল সাহা, অরুণ পাল প্রমুখ শিক্ষকদের তদারকিতে নতুন নতুন ছাত্ররা ছবি আঁকা শিখছে এবং তাঁদের মধ্য থেকেই আগামী দিনের উজ্জ্বল সম্ভাবনাময় শিল্পী বেরিয়ে আসবে।

একাদশ শহিদের রক্তমাত শিলচর শহরে সাহিত্য সংস্কৃতি চর্চা ঐতিহ্যের অনুসরণে আধুনিকতায় ম্নাত হয়ে এগিয়ে যাচ্ছে রূপ থেকে রূপান্তরের পথে।



বরাকের চা জনজাতির খাদ্যাভাস

কাজল দেমতা

আদিবাসী প্রাবন্ধিক গল্পকার

‘খাও কি এখানে?’

উত্তরে গণু মাহাতো বলিল ‘খেড়ির দানা সিদ্ধ আর জঙ্গলে বাথুয়া শাক হয়, তাই সিদ্ধ আর একটু লুন এই খাই। ফাল্গুন মাসে জঙ্গলে গুড়মি ফল ফলে লুন দিয়ে কাঁচা খেতে বেশ লাগে।’

‘আরণ্যক’ উপন্যাসে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় তাঁর কালজয়ী লেখনিতে প্রাকৃতিক পরিবেশের বর্ণনা দিয়েছেন। বহু বছর পূর্বের এই কথোপকথন থেকে খুব একটা হেরফের আজও হয়নি। এখনও একেবারে প্রত্যন্ত জায়গায় আদিবাসী মানুষেরা অরণ্য থেকে খুঁটে তুলে খাবারই পছন্দ করেন বেশি। আজকের চা-জনজাতিদের নিজ মূলকের অনুসন্ধান করলেই জানা সহজ হয় তাদের চারিত্রিক বৈশিষ্ট্য-জীবন যাপন ও খাদ্যাভাস। আদিবাসীরা আদিমতম সময় থেকে অরণ্যের উপর নির্ভর করে অরণ্যঘেরা অঞ্চলেই বসবাস করে আসছেন। অরণ্যনির্ভর হলেও সেখানে ক্ষুধার তাড়নাটাই যে ছিল এটা মনে করার, যৌক্তিকতা নেই। বরং গাছপালা, পাহাড়, নদী, পর্বত, গুহা, বন, হ্রদ পশু-পাখি মানুষ সবকিছু নিয়ে বসবাস করার প্রবণতা ছিল। ক্রমে ক্রমে জৈবিক প্রয়োজনে বনজীবন থেকে সমতলে, চা বাগানে আসতে হলো। সে আর এক রকমের জীবন শুরু হলো।

প্রায় দেড় দু’শ বছরেও কিন্তু নিজেদের পুরনো অভ্যাস রীতি নীতি চাল চলন একেবারেই ভুলে যাওয়া সম্ভব হয়নি। এখনও চা বাগানে কাজ করতে এসে প্রকৃতি, জঙ্গলে, নিবিড়-গভীর ভালোবাসায় জড়িয়ে থাকতে দেখা যায়। বনের ফল মূল পাতা ফুল বনের পশু পাখি, মধু, চালতা, কবমচা বনআলু আরও বনের রকমারি খাবারের সঙ্গে জড়িয়ে আছে তাদের খাদ্যাভাস।

বন্য আলু বা মাটি আলু একটা উপাদেয় খাবার। গভীর জঙ্গলে এক প্রকার লতানে গাছ হয়, ওই গাছের কন্দ মাটির তলায় বিস্তৃতাকারে হয় এবং বেশ বড় বড় হয়। মাটি খুঁড়ে এটা বের করতে হয়। এটা সেদ্ধ করে পেট ভরে খাওয়া যায়।

অন্যথায় মোরগের মাংস বা শুকনো মাছ ইত্যাদি দিয়ে রান্না করেও খাওয়া যায়। এই আলুর কন্দ এনে অনেকে নিজ বাসগৃহের ধারে কাছে লাগিয়ে দেন যাতে এর লতা মাচায় বা গাছে গাছে লতিয়ে বিস্তার লাভ করে পরে উপযুক্ত সময়ে এর আলু তুলে খাওয়া হয় তাছাড়া মরসুমী সবজির চাষ যদি করা যায় বা বাজার থেকে সবজি কিনে যেমন মুলো, টমেটো, চালকুমড়ো এরকম কিছু সবজিকে কেটে ছোট ছোট পাতলা পাতলা টুকরো করে কড়া রোদে শুকিয়ে কৌটোয় ভরে রাখা হয়। বছরভর ধরে ওটা খাওয়া যায়। তাছাড়া তেঁতুল পাতা, কচুশাক, ফুটকল পাতা (এক প্রজাতির বট) এগুলিকে শুকিয়ে পাউডার করে কৌটোয় ভরে রাখা হয়। এই পাতার গুড়ো ভাতের ফেনের সঙ্গে সুস্বাদু একটা বোল তৈরি হয়। এটা ‘মাড়ডবল’ নামে প্রচলিত। শুকনো সবজিগুলিও বর্ষার মরসুমে খাল বিল থেকে ধেরে আনা কুচো মাছ বা এমনিও রান্না করে খাওয়া হয়। অর্থনৈতিক দিক দিয়ে অনেক পিছিয়ে থাকার জন্যই হোক যা বন জঙ্গলের পাশে অথবা চা বাগানে বাস করার অভ্যাসের জন্যই হোক খাওয়া দাওয়ার ব্যাপারটা খুবই সংক্ষিপ্ত এবং কম খরচে যাতে হয় সেটা প্রাধান্য পায়।

জ্যৈষ্ঠ-আষাঢ় মাসে যখন বাঁশ গাছে ‘করিল’ জন্মে ওই সময় ‘করিল’কে কুচি কুচি করে কেটে বোয়ামে ভরে রাখা হয়।



মুখ ভালো করে শক্ত করে বন্ধ করে দেওয়া হয় যাতে বাতাস ঢুকতে না পারে। সপ্তাহ দিন রাখার ফলে এটাতে টকটকভাব এসে যায়। এই 'করিল খাটা' যার গ্রাম্য নাম 'হাড়ুয়া' তাতে পেঁয়াজ, রসুন, নুন সহযোগে চাটনি পিষে খাওয়া হয়।

'ডেমডেল' ফুল (একপ্রকার শাপলা ফুলের মতো) সজনে ফুলের মতো করে খাওয়া যায়। খুবই সুস্বাদু। বর্ষাকালেই শুধু এটা পাওয়া যায়। বিনি পয়সায় এটা একটা উপাদেয় খাদ্য।

সেদ্ধ চাল ভেজে গুঁড়ো করে ছাতু তৈরি হয়। এই ছাতু নুন বা চিনি সহযোগে নাড়ু তৈরি করে খাওয়ার রেওয়াজ আছে। এমনিতে চাল ভাজাও নুন চায়ের সঙ্গে খাওয়া হয়। আজকাল এ খাদ্যভাস যুগের সঙ্গে তাল মিলিয়ে একবারেই কমে গেছে। টেঁকি শাক, কচু শাক, কাটাভাজি শাক চা বাগানের লোকেদের খুবই প্রিয়।

এইরকম শাক স্থান বিশেষে যত্রযত্র জলা জঙ্গলে পাওয়া যায়। এটা তুলে আনবার জন্য দুরান্তরে এক বাগান থেকে বা বস্তি থেকে অন্যত্র দল বেঁধে যেতে দেখা যায়। যতটা পরিমাণে আঁটি বেঁধে সংগ্রহ করা ততটুকু হয়।

শিকারের নেশা রক্তের মধ্যে বিদ্যমান। আদিম দলবদ্ধ জীবনের অভ্যাস রক্তের মধ্যে আজও বয়ে চলে। তাই পশু পাখি শিকার করে খাওয়ার আনন্দই আলাদা। বড় কোনও জীবজন্তু না মিললেও বন মোরগ, পানি হাঁস, খরগোস কখনও সূর্যমুখী (সজারু), বনরুই এগুলি মিলে যায়। সবগুলিই খাদ্য হিসেবে ব্যবহার হয়। সবাই আবার সবকিছু খায় না, আদিবাসীদের মধ্যে বিভিন্ন গোত্রের মানুষ আছেন। যেমন কাশ্যপ গোত্র যারা কাছিম খান না। এদের মধ্যে বিভিন্ন গোত্র যেমন আছে তেমনি সেই গোত্র ধরে নিয়মকানুনও আছে। নিজ গোত্র বা পদবীর সম্মানার্থে যদি খাদ্যবস্তু হয় তাহলে তা ভক্ষণ করেন না। 'মিনজ' ময়ূর, 'লাকড়া' পদবীধারীরা হলেন 'বাঘ', 'দেমতা' পিপড়ে, 'হোরো' এক প্রকার কাছিম, 'শিয়ার' শেয়াল, 'টেটে' ছোটপাখি 'চেচুয়া' লেজঝোলা পাখি, 'কাওয়া' কাক, 'নাগ' সাপ, 'হলুমান', হনুমান, 'দুধরাজ' পাখি, 'ধানোয়ার' ধান। প্রকৃতি এবং প্রাণী থেকে নেয়ো সব গোত্র বা পদবী আরও অনেক আছে এগুলি সাধারণের কাছে গবেষণা সাপেক্ষ বিষয়। কয়েকটা তুলে ধরছি-পদবিগুলি-সুরিন, লগুন, বার্লা, এক্লা, ভেংরা, কানগাডিড হেমব্রম, টুটী, ডুংডুং, আইন্দ, মালার, বাজরায়, ডাহাঙ্গা, ডিগওয়ার, তপনো, গুড়িয়া হাসা, হাও, হেরেঞ্জ, পূর্তি, কেনাও, সান্দিল, সাংগা, সারদার, সয় হাসা, তির্কি, তিরু, লোহরা, বেসরা-এরকম অজস্র গোত্র আছে, খুব সুন্দর এবং বিচিত্র।

আদিবাসী মানুষ পরিচয় পর্বেই গোত্রটা জেনে নেয়। এতে সম্পর্ক সহজতর হয়। অনেক গোত্র বা পদবী না লিখে নিজের জাতিটাই ব্যবহার করেন। যেমন কর্মকার, বাউরী, মাহাতো, সাঁওতাল, মুণ্ডা, ওরাং, রিকিয়াসন, বারুই, ভীল এরকম অজস্র।

আদিবাসীদের মধ্যে একই গোত্রে বিবাহ সম্পাদন হয় না। বসন্তকালে আদিবাসীরা পালন করেন 'বাহা' উৎসব এবং 'সরহুল' উৎসব। এ উৎসব না হওয়া পর্যন্ত কেউ নতুন পাতা, ফুল মাথায় দেন না এবং মছয়ার ফুলও খান না। অনেক রকমের

শাকসবজিও তারা পারিবারিক পূজা পার্বন শেষ করেই তবেই খাওয়া শুরু করেন। কলাগাছকে প্রকৃতির অশুভ দৃষ্টি প্রতিরোধক হিসাবে দেখা হয়। এরপর দুর্বাঘাস। আদিবাসী সাঁওতাল সমাজের বিশ্বাস দুর্বাঘাসের জন্যই মাটি শক্ত হয়ে পৃথিবীকে বসবাসের উপযোগী করেছে। তাই তাদের কাছে দুর্বাঘাস অতি প্রিয় ও পবিত্র।

এব্যাপারে একটি প্রাসঙ্গিক উদ্ধৃতি এই সমাজ আদিযুগ থেকেই গাছ গাছড়া, নদ-নদী, পাহাড়-পর্বতের উদ্দেশ্যে পূজা উৎসর্গ করে এসেছে। এমনিই দেখা যায় তাদের গোত্রগুলি গাছপালা, ফুল, ফল ইত্যাদির নাম থেকে নেওয়া হয়েছে এবং এগুলিই তাঁদের 'টোটোম' বা ধর্মীয় প্রতীক। নিজ গোত্রের নামধারা জীবজন্তু গাছপালার কোনওভাবে উপকৃত হওয়ার সুবাদে গোত্রের নাম সেইসব জন্তু গাছপালার নামে করে এসেছেন, সঙ্গে সঙ্গে সে সমস্ত জীবজন্তু গাছপালার



যেন কোনও ক্ষতি না হয় সেই প্রতিশ্রুতিও রাখা থাকে। (ধীরেন্দ্র নাথ বান্ধের রচনা - 'আদিবাসী সমাজ ও পালাপার্বন' পুস্তক থেকে)

আবার আসি খাদ্যভ্যাসে-বালি নদীতে পাওয়া যায় দুই প্রজাতির যাকে চলতি

ভাষায় 'সিতুয়া ও ঘুংগি' বলা হয়। এগুলি তুলে এনে রান্না করে খাওয়া হয়, এগুলো সুস্বাদু তো বটেই আর ভিটামিন সমৃদ্ধ খাবার। তৃপ্তির জন্য মানুষ নানারকম খাবার খেয়ে থাকেন। খাতু অনুযায়ী যেসব খাবার তার মধ্যে শাকপাতাই বেশি। ঢেঁকি শাক, সজনেপাতা, কলমিপাতা শাক, ক্ষুদি শাক, গমাশাক ইত্যাদি। মাছ, কাঁকড়া, গুগলি এগুলি বর্ষাকালে খালে বিলে নদীতে নেমে সংগ্রহ করে খাওয়া হয়। 'হাও' নামক পিঁপড়ের ডিম পাতায় মুড়ে সেদ্ধ করে আগুনে ভেপে খাওয়া হয়। ঝাঁক বেঁধে পঙ্গপাল নামলে ওগুলোও ভেজে খায় অনেকে।

জঙ্গলের 'ছাতু' (মাসরুম) খুব সুস্বাদু আর ভিটামিন যুক্ত। রান্না করে খাওয়ার মজাই আলাদা। তেলের খরচ বাঁচাতে ছোটমাছের পাতা পোড়া। ঘরে তৈরি করা হয় চালের গুড়ি দিয়ে পাতা পিঠা ও সেদ্ধ করা ডিম্বু পিঠা। অনেকে বাড়িতে তৈরি করেন বাসি ভাত দিয়ে হাঁড়িয়া। এটা পান করলে কঠোর পরিশ্রমী মানুষেরা ক্লান্তি দূর হয়। এটাতে নেশা হলেও শরীর ঠিক থাকে। হয়তো তাই আদিবাসীদের পরব আদিতে হাড়িয়ার ব্যবহার খুবই জনপ্রিয়।

বন জঙ্গল কমে যাওয়ার ফলে আদিবাসী চা শ্রমিকদের খাদ্যভাস বদলে গেছে। তবুও এই খাদ্যগুলির মধ্যে আদি'র নিবিড়তা জড়িত আছে তেমনি জাতির প্রতি শ্রদ্ধা ও ভালোবাসাও জড়িত। সমাজ গবেষক হেনুরি ডেভিড পরো'র একটা দিয়ে আপাত-ইতি টানছি- 'বন্যতার মধ্যেই রয়েছে এই পৃথিবীকে রক্ষা করার চাবিকাঠি।'



ইতিহাসের আদিপর্বে করিমগঞ্জ (শ্রীভূমি)

দীপঙ্কর ঘোষ
প্রাবন্ধিক গল্পকার

১৮৭৮ সালের পূর্বে অর্থাৎ করিমগঞ্জ নামে একটি মহকুমা গঠনের আগে করিমগঞ্জ নামে কোন স্থানের অস্তিত্ব ছিল না। এ অঞ্চলটি ছিল সিলেট জেলার অন্তর্গত একটি অঞ্চল। ব্রিটিশ শাসনকালে নবগঠিত করিমগঞ্জ মহকুমার অন্তর্ভুক্ত অঞ্চলটির অধিকাংশ ভূ-ভাগ ইতিহাসের বিভিন্ন পর্যায়ে সিলেটের অন্যান্য অঞ্চলের ইতিহাসের সাথে কামরূপ, হরিকেল, চন্দ্র রাজাদের রাজ্য এবং শ্রীহট্ট রাজ্যের উত্থান পতনের সাথে একাত্ম। ইতিহাসবিদ ড. কামালুদ্দীন আহমদ, 'করিমগঞ্জের ইতিহাস' বইতে লিখেছেন, 'দ্বাদশ - ত্রয়োদশ শতাব্দীতে শ্রীহট্ট রাজ্যের পতনের পর করিমগঞ্জ সহ সমস্ত সিলেট অঞ্চল কয়েকটি ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্যে বিভক্ত হয়। সিলেটের উত্তর ও পশ্চিমাঞ্চলে গৌড়, লাউর ও জয়ন্তিয়া প্রভৃতি রাজ্যের উদ্ভব হয়। দক্ষিণাঞ্চলে অর্থাৎ কুশিয়ারা নদীর অববাহিকায় অবস্থিত পরবর্তীকালের করিমগঞ্জ মহকুমার অধিকাংশ ভূ-ভাগ ও মৌলভীবাজার মহকুমাধীন অঞ্চলের অধিকাংশ ভূ-ভাগ ত্রিপুরা রাজ্যধীন মগধ, প্রতাপগড়, ভানুগাছ প্রভৃতি সামন্ত রাজ্যে বিভক্ত ছিল।... তবে কুশিয়ারার উত্তর তীরস্থ বিস্তীর্ণ অঞ্চল গৌড়রাজ্যের অন্তর্ভুক্ত ছিল বলে ধারণা করাটা অমূলক নয়।' ড. আহমদ ইতিহাসের সরণি বেয়ে ডি.এস আগরওয়াল, পানিনির অষ্টাধ্যায়ীতে উল্লেখিত 'সুরমস' জনপদকে সুরমা নদীর অববাহিকায় অবস্থিত প্রাচীন সিলেট বলে চিহ্নিত করেছেন। (V.S. Agarwal - India As Known To Panini - 2nd Ed, Varanasi 1963, p 35-8) তাঁর মতে, 'আগরওয়ালের অনুমান সঠিক হলে খ্রিস্টপূর্ব তৃতীয় শতাব্দীতেই আর্ষাবর্তের রাজনৈতিক সংগঠনের ধাঁচে সিলেট জেলাধীন অঞ্চলে 'সুরমস' নামে একটি জনপথ সংঘটিত হয়েছিল বলে ধরে নিতে হবে। আর যেহেতু জনপদটি সুরমা নদীর অববাহিকায় অবস্থিত তাই করিমগঞ্জ মহাকুমাধীন অঞ্চলের অধিকাংশ ভূ-ভাগই এর মধ্যে থাকার কথা। সেক্ষেত্রে খ্রিস্টপূর্ব তৃতীয় শতকে করিমগঞ্জ মহাকুমাধীন অঞ্চলে আর্ষ সংস্কৃতি বিস্তার লাভ করেছিল বলে মেনে নিতে হয়। খ্রিস্টীয় ষষ্ঠ শতাব্দী থেকে সপ্তম শতাব্দী পর্যন্ত সিলেট অঞ্চল যে কামরূপ রাজ্যের অধীন ছিল তার প্রমাণ ব্রিটিশ আমলে গঠিত করিমগঞ্জ মহাকুমাধীন পঞ্চখন্ড পরগনার নিধনপুরে আবিষ্কৃত 'নিধনপুর তাম্রশাসন।' সেই সময় এই সমগ্র অঞ্চলটির প্রশাসনিক নাম ছিল চন্দ্রপুরী বিষয়। হর্ষবর্ধনের রাজত্বকালে প্রদেশকে 'ভক্তি' এবং জেলাকে 'বিষয়' বলা হতো। তাই ঐতিহাসিক যুগের প্রথম পর্যায়ে করিমগঞ্জ অঞ্চল কামরূপ রাজ্যের অধীন ছিল বলাটা তথ্যনির্ভর। বরাক উপত্যকার বাংলা সাহিত্যচর্চা বইতে ড. রমা পুরকায়স্থও লিখেছেন, 'একথা উল্লেখযোগ্য যে ১৮৩২ খ্রিস্টাব্দে কাছাড় আসামে অন্তর্ভুক্তির বহু আগেই অর্থাৎ মহাভারতীয় যুগে কাছাড় জেলা ছিল প্রগজ্যোতিষপুর রাজ্যের অন্তর্গত। শ্রীহট্ট ও কাছাড়ের সঙ্গে বর্তমান আসামের সম্পর্ক শুধু রাজনৈতিক নয়, সাংস্কৃতিক দিক দিয়েছিল সুপ্রাচীন।' করিমগঞ্জ অঞ্চলটির মধ্যযুগের ইতিহাসের কথা বলতে গিয়ে ড. আহমদ লিখেছেন প্রাচীন যুগের মতো মধ্যযুগেও করিমগঞ্জ মহাকুমাধীন অঞ্চলটি কোন স্বতন্ত্র সত্তা বিশিষ্ট সাংস্কৃতিক রাজনৈতিক বা প্রশাসনিক ইউনিট রূপে পরিচিত হয়নি। তখন অঞ্চলটি সিলেট নামক বাংলার সুলতানের অধীনস্থ একটি প্রশাসনিক ইউনিট অথবা মোঘলদের বাংলা সুবার একটি সরকার অথবা বাংলার নবাবদের একটি চাকলার অংশ বিশেষ। তবে তিনি লিখেছেন যে জয়ন্তিয়া বুড়ঞ্জী ও কাছাড় বুড়ঞ্জীতে সিলেটের পূর্বাঞ্চল অর্থাৎ পরবর্তীকালের করিমগঞ্জ অঞ্চলের মধ্যযুগের বিবরণ পাওয়া যায়। ত্রিপুরা বুড়ঞ্জীতেও এই অঞ্চলের কিছু বিবরণ লিপিবদ্ধ আছে। করিমগঞ্জ সহ সিলেট অঞ্চলের মধ্যযুগের ইতিহাসের আকর গ্রন্থ হিসেবে 'দরং রাজার বংশাবলী' একটি উল্লেখযোগ্য গ্রন্থ। সাঁচী পাতায় লিখিত এই পান্ডুলিপিটির মধ্যে কোচ রাজবংশের ইতিহাসের সঙ্গে কাছাড়,



ত্রিপুরা-সহ পরবর্তীকালের করিমগঞ্জ মহাকুমাধীন অঞ্চলে চিলা রায়ের অভিযানের কথা লিপিবদ্ধ আছে। আবার ফিরে আসি করিমগঞ্জ নামের কথায়। আসলে ইংরেজদের তাৎক্ষণিক একটা সিদ্ধান্তের ফলে মহাকুমাটির নাম হয়েছিল করিমগঞ্জ। ১৮৭৪ থেকে ১৯৪৭ সাল পর্যন্ত শ্রীহট্ট ও কাছাড় আসাম প্রদেশের সুরমা উপত্যকা নামে পরিচিত ছিল। ইংরেজ আমলেই শাসনের সুবিধার্থে শ্রীহট্টকে মহাকুমায় ভাগ করার পরিকল্পনা বাস্তবায়িত হয়। ১৮৭৭ সালে সুনামগঞ্জ, ১৮৭৮ সালে করিমগঞ্জ ও হবিগঞ্জ এবং ১৮৮২ সালে দক্ষিণ শ্রীহট্ট বা মৌলবিবাজার মহাকুমা গঠিত হয়। 'শ্রীহট্ট কাছাড়ের ভাষা সাহিত্য ও সমাজ' - বইতে অধ্যাপক জন্মজিৎ রায় লিখেছেন, "সেকালের সুরমা উপত্যকার অন্তর্গত করিমগঞ্জ মহাকুমা ছিল একটি বর্ধিষ্ণু মহাকুমা। ১৮৭৮ সালে মহাকুমারূপে চিহ্নিত করার আগে করিমগঞ্জ নামটি কিন্তু প্রচলিত ছিল না। শ্রীহট্টের ইতিবৃত্ত গ্রন্থে অচ্যুতচরণ চৌধুরী তত্ত্বনিধি লিখেছেন, 'নটীখালের পূর্বতীরে, নটীখাল - কুশিয়ারা সঙ্গমস্থল হইতে প্রায় তিনপোয়া মাইল দক্ষিণে তখন একটি বাজার মাত্র ছিল, এই বাজার স্থানীয় মিরশাদার মোহাম্মদ করিম চৌধুরী কর্তৃক স্থাপিত বলিয়া করিমগঞ্জ নাম খ্যাত হইয়াছিল। হেমন্তে নটীখালে জল থাকে না বলিয়া অসুবিধা বিধায় এই বাজার ১২৭২ বঙ্গাব্দে বর্তমান স্থানে স্থানান্তরিত হয়।' অর্থাৎ বাজার স্থানান্তরকরণের সময় কুশিয়ারা- নটীখালের সঙ্গমস্থল বেছে নেওয়া হয়েছিল। সেটাই বর্তমানে পৌরসভার অনুমোদিত সন্তর বাজার। অচ্যুতচরণের মতে এই বাজার স্থানান্তরকরণের ঘটনা ঘটে ১২৭২ বঙ্গাব্দে অর্থাৎ ১৮৬৫ -৬৬ সালে। এই ঘটনার ১২ বছর পর মহাকুমার নামকরণের সময় ইংরেজ সরকার করিমগঞ্জ নামটি বেছে নেয়। করিম চৌধুরীর বাজার স্থাপিত হওয়ার পূর্বে এই অঞ্চলের উত্তর-পশ্চিমাংশ পঞ্চখন্ড এবং দক্ষিণাংশ প্রতাপগড় নামে পরিচিত ছিল।... পঞ্চখন্ড ছিল মিথিলা থেকে আগত পঞ্চব্রাহ্মণের আদি বাসভূমি। ভাটেরা তাম্রশাসনেও এই অঞ্চলের উল্লেখ আছে। বঙলার রাষ্ট্রসীমা থেকে খন্ডিত এ অঞ্চলকে শ্রীভূমি নাম দিয়েছিলেন রবীন্দ্রনাথ এই বিখ্যাত কবিতায়, 'মমতাবিহীন কালস্রোতে বাংলার রাষ্ট্রসীমা হতে নির্বাসিতা তুমি সুন্দরী শ্রীভূমি।' আজ এত বছর পর জেলাটির নাম শ্রীভূমি করায় বিশ্বকবিকে যেমন সম্মান জানানো হলো ঠিক তেমনি বরাক- সুরমা উপত্যকার গৌরবময় ইতিহাসেরও পুনঃপ্রতিষ্ঠা হল।





35TH ANNUAL CONFERENCE OF NE STATES BRANCH OF IADVL

अर्थ और भावनाएँ

Organised by: **BARAK CHAPTER OF NEIADVL**



बराक साहित्य संस्कृति में हिंदी का प्रभाव और विस्तार बराक हिंदी साहित्य समिति रजत जयंती वर्ष से अवलोकन

श्रीमती बिंदु सिंह

महर्षि विद्या मंदिर सिलचर हिंदी शिक्षिका (पी जी टी)

बराक घाटी एक अहिंदी क्षेत्र है। यह क्षेत्र हिंदी भाषा-भाषी लोगों से घिरा हुआ है। बराक में हिंदी भाषा, भाषी के लोग रहते हुए भी हिंदी का प्रचार-प्रसार बहुत धीमी गति से हो रहा था। हिंदी प्रेमी होने के बावजूद साहित्य का प्रचार-प्रसार करने की सुविधा उपलब्ध नहीं थी।

मेरी यादों का सिलसिला १९९० से शुरू होता है। कछार कॉलेज के हिंदी विभाग में हिंदी दिवस और अन्य कार्यक्रम मनाई जा रही थी। सौभाग्य से मैं भी उस समय कालेज की छात्रा थी और कार्यक्रम में सम्मिलित हुई थी। उस समय कई जगहों पर हिंदी दिवस के उपलक्ष में सांस्कृतिक कार्यक्रम भी होते थे। इस कार्यक्रम के दौरान हमें पता चला कि माननीय अशोक वर्मा जी सन १९६९ से वसंत पत्रिका का प्रकाशन कर रहे हैं। इसके उपरांत यह पत्रिका सन १९७१ 'बालार्क पत्रिका' के नाम से रूपांतरित हो गई। इस पत्रिका में बराक घाटी के सभी हिंदी प्रेमियों के रचनाएं छपने लगी।

बराक घाटी से पहले जो हिंदी किताब निकली वह थी "भूवन पाचाली" जो मोती नगर चाय बागान के निवासी 'केशव प्रसाद साहू' ने लिखी थी। इसके उपरांत श्री कपिल देव उपाध्याय जी की कुछ पुस्तकें, श्री यमुना प्रसाद स्वर्णकार जीके कुछ पुस्तकें, श्री देवचंद्र मिश्रा जी की काव्य ग्रंथ को बालार्क प्रशासन से प्रकाशित किया गया। उसी समय "मातृभूमि" साप्ताहिक पत्रिका अजय भट्टाचार्य जी रंगपुर से निकले जो दीर्घ स्थाई नहीं हुई। श्री प्रेम सागर चौबे द्वारा पत्रिका, श्री युगल किशोर त्रिपाठी द्वारा 'प्रभात पूर्व' पत्रिका, श्री लक्ष्मी नारायण कलवार द्वारा 'चाय भूमि' पत्रिका कटलीचेरा से, इसके सिवा विभिन्न जाति गोष्ठी और सम्मेलन से स्मारिकाएं निकलने लगी। एवं बामधोलाई की ओर से कोईरी गोष्ठी द्वारा हिंदी पत्रिका का प्रकाशन हुआ। कछार के अलग-अलग जगह पर हिंदी के प्रचार-प्रसार के लिए कुछ-कुछ कार्यक्रम होने लगे। कछार कॉलेज में हिंदी के प्रचार-प्रसार के लिए एक कार्यक्रम का आयोजन किया गया। इस दौरान श्री दिलीप कुमार द्वारा रचित "मेरी ललकार" जो बालार्क प्रशासन की ओर से प्रकाशित हुई थी। उस पुस्तक का विमोचन श्री स्वामी रामेश्वरानंद जी के अध्यक्षता में कछार कॉलेज में हुई थी। रामेंद्र पाल त्रिपुरा के अपना उपन्यास "देवी मां", श्री उमाकांत तिवारी अपना उपन्यास "जिंदगी का मोड़" और रोशन सिंह द्वारा "अधूरा प्यार" उपन्यास बालार्क प्रशासन से प्रकाशित हुई थी। बालार्क प्रकाशन से तरह-तरह की कविता-कहानी का संकलन प्रकाशित होने लगी। इसके पश्चात कहीं-कहीं होली मिलन समारोह तो कहीं कवि सम्मेलन जैसे कार्यक्रम का आयोजन होने लगा। अधिकतम कार्यक्रम सव ० गौरीशंकर राय के घर के सामने स्टेज बनाकर हुआ करता था। इस कार्यक्रम का परिचालक असम विश्वविद्यालय के हिंदी अनुवादिका "श्रीमती सुभद्रा पांडे" ने किया था एवं उनके पति नित्यानंद पांडे जी भी उपस्थित हुआ करते थे। इस कार्यक्रम में ईटखोला की महिलाओं का महत्वपूर्ण भूमिका होती थी। इसी बीच दिलीप कुमार जी ने हिंदी प्रेमियों के लिए एक पुस्तकालय भी खोली जिसमें सभी आकर हिंदी पुस्तक पढ़ने का लाभ उठाने लगे।

सिद्धिविनायक आश्रम के स्वामी रामेश्वरानंद के अध्यक्षता में हिंदी दिवस का पालन "नरसिंह हायर सेकेंडरी" स्कूल में हुआ। जिसमें काफी संख्या में हिंदी भाषी लोगों को जोड़ने का प्रयास किया गया। इस कार्यक्रम में मुख्य भूमिका में श्री दिलीप कुमार, श्री अशोक वर्मा, श्री उमाकांत तिवारी, श्री सुरेश द्विवेदी एवं अजय कुमार यादव जी होते थे। इस तरह के कार्यक्रम के दौरान ही स्वामी रामेश्वरानंद जी ने हिंदी की पत्रिका "प्रेरणा भारती" का उनमोचन किया। जिसके कर्णधार श्री दिलीप कुमार जी है। आप लोगों के अगुवाई में ही आकाशवाणी व दूरदर्शन में हिंदी कार्यक्रम भी किए जाने लगे।

इसके उपरांत बराक घाटी के दिग्गजों की सहायता से हिंदी भवन का निर्माण, उन्नयन भवन रोड, सिलचर में हुआ और हिंदी प्रेमियों के लिए हिंदी दिवस का पालन जोरो-सोरों से होने लगी। स्वर्गीय दिनेश प्रसाद ग्वाला जी की स्मृति में मेधावी छात्रों को पुरस्कृत भी करना प्रारंभ हो गया जो आज तक सफलतापूर्वक होता आ रहा है। आज हिंदी प्रेमियों के लिए गौरव की बात है कि "बराक हिंदी साहित्य समिति" अपना २५वीं वर्षगांठ मान रही है। १३, १४ एवं १५ नवंबर २०२४ को तीन दिवसीय कार्यक्रम कर रजत जयंती का पालन किया। इस "रजत जयंती" में ही एक सभागार एवं छात्रावास का भी उद्घाटन, समारोह के माध्यम से किया गया। रजत जयंती का पालन कर "बराक हिंदी साहित्य समिति" ने सफलता की उड़ान भर ली है। हम आशा वादी है कि यह हिंदी स्वर्ण जयंती की भी अपनी उड़ान भर्ती हुई आगे सफलतापूर्वक बढ़ती रहेगी।

"जय हिंद जय हिंद"।



जज़्बात शायरी

डॉ: कमल दास
अगरतला

Sahil pe virasat the hamari, hawaon ke paro mein Asiana
tha Mera. Kal raat badaal leher par meherban hua, aaj
samandar waqt ka Badshah hain, aur mein beghar banjara.



Justuju apno se thi, par wo to hamein mila nahi.
Murjha gayi ristho ki ummido ke wo phool,
jo kabhi khilte the, par ab nahi
Kisse kare sikhayat, gair to gair the jab apne hi
begane huye



Hum jaise in rahon mein kitne chale aur choot gaye,
kitne ashqi ke Wade kanch ki tara se toot Gaye. Kash
na toote ye afsana humara and takdeer humari
Ajj to mil kar saath rahe, kash ye kal bhi yaad rahen.
Phir na toote yeh taqdeer hamari



35TH ANNUAL CONFERENCE
OF NE STATES BRANCH OF IADVL

ORGANISING COMMITTEE - CUTICON NE States, 2024




Standing (L-R): Dr. Sandip Roy, Dr. Shromona Kar, Dr. Shahjabin Basir, Dr. Rimjhim Saha, Dr. Kinnor Das
Sitting (L-R): Dr. Arup Paul, Dr. Nirupam Chakraborty, Dr. Sujit Kr Bhattacharjee
Dr. Debajit Das, Dr. Joydeep Roy, Dr. Angshuman Bhattacharjee

With Best Compliments

from



Nextgen in Dermatology



www.switzmark.com

Calminox[®]

ANTI-ITCH LOTION

FACE & BODY

INDIA'S^{1st}
HEMP
SEED OIL FORMULA

Enriched with moisturisers
(Glycerine, D-Panthenol, Hemp Oil)

TRIPLE ACTION RELIEF



HEMP SEED OIL

- Oil of Cannabis sativa seeds
- Ensures Anti-Itch action
 - Provides Anti-Inflammatory and soothing effect



PHYSAVIE

- Extract of Physalis angulata and Caprylic Capric Triglyceride
- Corticoid like Anti Inflammatory & Immunomodulatory properties
 - Provides soothing effect



ZANTHOXYLUM

- CO₂ lipophilic extract of Zanthoxylum Bungeanum
- Provides instant relief from itch
 - Provides soothing effect



Effective In
All Itchy Dermatoses



CALAMINE FREE

Provides Superior Efficacy & Safety in Comparison to Calamine



PARABEN FREE



FRAGRANCE FREE



STERIOD FREE



SILICONE FREE

PERCOS
The Skin Care Company

With Best Compliments from-

DERMANEXT

"embrace your skin & nurture it"

MELA-WIN

Pigment correction cream
brings two unique ingredients

- Tropical Tranexamic Acid has negligible absorption & thus ineffective
- Cetyl Tranexamic Acid is a positively charged salt that easily penetrates our skin & is *60 times more effective*
- Melazero - a patented ingredient from Korea that has a 2-way action; *it eliminates existing melanin by autophagy & inhibits new melanin synthesis thus it's a fast acting brightening agent*

for: freckles ,lentigens ,melasma ,
sun spots etc choose **MELA-WIN CREAM**
today & everyday



ACNEX

Acne serum

Encapsulated Glycolic Acid
Significantly reduces acne lesions & follicular pores
resulting in brighter skin.

Mandelic Acid
Shows antibacterial action (P.Acnes) & also reduces
sebum production resulting in fewer acne breakouts.

Niacinamide
Shrinks open pores & reduces sebum production reduces
inflammation & skin redness helps keep the skin hydrated.

Salicylic Acid
Unblocks skin pores to clear dirt & removes upper scaly
skin to reveal lighter skin.

**Uneven Skin, Blemished Skin, Pigmentation, Acne,
Oily Skin, Acne Prone, Acne Scars**

Follow us on
Instagram



✉ info@dermanext.co
☎ +91 79809 23107



With Best Compliments From
Makers of

Evalite[®]
Cream

Oxidized Glutathione 2%, THC 1.5%,
Alpha Arbutin 2%, Vitamin E 2%,
Vitamin A 2%, Vitamin C 2%

Evalite[®] **XT**
Cream

Kojic acid Dipalmitate 2%, Oxidized Glutathione 4%,
Tranexamic acid 2.5%, Nanowhite 2%, Mulberry extract 1%,
Licorice 3%, Linoleic acid 2% & THC 0.3%

Xfolia[®]
Serum

Kopexil 3%, Procapil 5%, Panthenol 3%,
Folicusan 5% & Polyquaternium-7 1%

Xfolia **KT**[®]

Ketoconazole 2%, ZPTO 1%, Aloe vera 5% Lotion Cum
Conditioner Shampoo

ORBIGLOW[®]
Cream

Haloxyl, Niacinamide, Matrixyl 3000,
Sodium Ascorbyl Phosphate

Genomoist[®]
Cream

Aquaxyl & Montanov L, Shea Butter,
Betaine & Trehalose

XUV[®] 50
SPF

Octyl Methoxycinnamate, Tinosorb S, Micronized
Titanium dioxide & Zinc oxide, Magnesium Ascorbyl
Phosphate, Vitamin E Gel

GENO
Clean Care

SILCHAR

the city of love

SILCHAR , A 200 years old historic city which is marked as the headquarter of present day Cachar District, is situated on the southern part of Assam possesses the pride of being the second most productive city just after Guwahati in terms of area & population. The name Silchar comes from the two Sylethi words “Shil” and “Char”, meaning “rock” and “shore/Island” respectively.

The city finds its origin back in the year 1832 when a British Captain Thomas Fisher founded this place to serve the purpose of a river port to dock ships and boats in Janiganj-Sadarghat area.

In the long & diverse history Silchar was ruled under few kingdoms such as, from 13th to 16th century “Tippera Dynasty” and from the mid 16th century it comes under ‘Koch Dynasty’ and ultimately in the year 1832 Silchar came under formal control of Colonial British era.

In its rich history Silchar city has witnessed many notable instances such as the first Polo Club in the world was established in Silchar in the year 1859. The first all women led crew flight from Kolkata to Silchar in the year 1985. Silchar was also an integral part of the Assam-Bengal railways. Silchar Railway Station in the year 1898 was connected with Chattagram port. The importance of the city was so crucial that, during the world war 2, Japanese forces try to injure the railway station to harm its financial significance then.

The iconic “S.M. Deb Civil Hospital” finds its root in the year 1864 as a Charitable dispensary which was converted into a Charitable Sadar in the year 1884 until the final up gradation to a Civil Hospital in the year 1920.

Courtesy

OREVA
DERMACARE